'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

## নভেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (৩০ তম সভা)

সভাপতি ঃ জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় ঃ ১১/১১/২০২১, বেলা- ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' তে দেখানো হয়েছে

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলেচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>সিদ্ধান্ত ঃ বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| (২) উপজেলা পরিষদের প্রকল্প গ্রহণ ও বাছাই কমিটির প্রতিবেদন পর্যালোচনা ঃ | উপজেলা প্রকৌশলী, দিরাই উপজেলা প্রকল্প বাছাই কমিটির ০৪/১১/২০২১ তারিখের সভার কার্যবিবরণী সহ প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। প্রতিবেদনে ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি), উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর আওতায় প্রায়- ০১ (এক কোটি) টাকার প্রকল্প এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায়- ৫০(পঞ্চাশ লক্ষ) টাকার প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের প্রস্তাব/সুপারিশ করা হয়। দাখিলকৃত প্রতিবেদন সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>সিদ্ধান্ত ঃ উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তক প্রস্তাবিত/সুপারিশকৃত ২০২০-২০২১ অর্থ বছরে প্রাপ্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি), উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (ইউডিএফ) এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)র আওতায় প্রস্তাবিত সকল প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রকল্প তালিকা পরিশিষ্ট 'গ' ও 'ঘ'। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই। |
| (৩) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা ঃ | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত অক্টোবর/২০২১ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ : | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

| আয় | | | ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| ক্র:নং | বিবরণ | টাকা | ক্র:নং | বিবরণ | টাকা |
| ১ | পূর্ববর্তী মাসের জের | ১৯,৯৫,০৭৯/২৫ | ১ | চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সেপ্টেম্বর/২০২১ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | ৯৯,০০০/- |
| ২ | ব্যাংক বিবরণী মোতাবেক প্রাপ্য | ২৪,০৭০/- | ২ | অফিস সহায়কদ্বয়ের ও সুইপারের সেপ্টেম্বর/২১ মাসের বেতন | ৩৬,৩০০/- |
| ৩ | সাব-রেজিষ্ট্রার হতে ১% | ৫,২৬,৮৯০/- | ৩ | উপজেলা পরিষদের সাঁট-মুদ্রাক্ষরিকের সেপ্টেম্বর/২০২১ মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ প্রদান | ১,৭৫২/- |
| | | | ৪ | উপজেলা পরিষদের গাড়িচালকের সেপ্টেম্বর/২০২১ মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ প্রদান | ১,৪৪৭/- |
| | | | ৫ | উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২১ মাসের আনুষাঙ্গিক বিল প্রদান | ৫;০০০/- |
| | | | ৬ | উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী বিল প্রদান (জুলাই-সেপ্টেম্বর)/২১ | ৪২,৬৫০/- |
| অক্টোবর/২১ মাসের আয়- | | ৫,৫০,৯৬০/- | অক্টোবর /২১ মাসের মোট ব্যয়- | | ১,৮৬,১৬৯/- |

| সর্বমোট আয়- | ২৫,৪৬,০৩৯/২৫ | সর্বমোট ব্যয়- | ১,৮৬,১৬৯/- |
|---|---|---|---|
| সমাপনী স্থিতি= ২৩,৫৯,৮৭১/২৫ | | | |

উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।

<u>সিদ্ধান্ত ঃ</u> উপজেলা পরিষদের বিগত অক্টোবর/২০২১ মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

(৪) বিবিধ ঃ

(ক) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন কোভিড-১৯ এর প্রতিরোধের জন্য দিরাই উপজেলার প্রতিটি ইউনিয়ন পরিষদে সুষ্ঠ ও সুন্দরভাবে গণটিকার ২য় ডোজ প্রদান কার্যক্রম সম্পন্ন হয়েছে। গণটিকা প্রদানে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। বর্তমানে সকল শিক্ষার্থীদের টিকা প্রদানের কার্যক্রম চলছে। এছাড়া তার বিভাগের দৈনন্দিন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

<u>সিদ্ধান্ত ঃ</u> কোভিড-১৯ সহ সকল রোগীদের স্বাস্থ্যসেবা সুষ্ঠভাবে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই কে অনুরোধ জানানো হয়।

উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,দিরাই

(খ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের স্মারন নং- ৪৬.৪৬.৯০০০.০১১.০৫.০০৪.২০.১০৬২, তারিখ- ০৩ নভেম্বর, ২০২১ সভায় পাঠ করে শুনান। পত্র দৃষ্টি দেখাযায় জনাব মোঃ আব্দুল হেকিম, পিতা- মৃত এশাদ উল্লা, গ্রাম- পাচাকনিয়া, ইউ/পি- জগদল, দিরাই, সুনামগঞ্জ এর বাড়ি হতে মেইন রোড পর্যন্ত রাস্তা নির্মাণের জন্য আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার এর নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত রাস্তাটি উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি হতে বাস্তবায়ন করা যায় কি না সেই জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

<u>সিদ্ধান্ত ঃ</u> জনাব মোঃ আব্দুল হেকিম, পিতা- মৃত এশাদ উল্লা, গ্রাম- পাচাকনিয়া, ইউ/পি- জগদল, দিরাই, সুনামগঞ্জ এর বাড়ি হতে মেইন রোড পর্যন্ত রাস্তা নির্মাণের আবেদনটি আগামী প্রকল্প বাছাই কমিটিতে প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই

(গ) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা মৎস্য বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

<u>সিদ্ধান্ত ঃ</u> বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়।

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিরাই

(ঘ) উপজেলা সমবায় অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন বিগত ০৬ নভেম্বর ২০২১ তারিখে জাতীয় সমবায় দিবস উদযাপিত হয়েছে উক্ত দিবসে সরকারি যে বরাদ্দ পাওয়া গেছে সেই বরাদ্দ প্রয়োজনের তুলনায় অপ্রতুল। কাজেই উপজেলা পরিষদ হতে আর্থিক অনুদান হিসেবে অর্থ বরাদ্দ প্রদানের জন্য সভায় অনুরোধ জানান।

<u>সিদ্ধান্ত ঃ</u> জাতীয় সমবায় দিবসে আর্থিক অনুদান হিসেবে উপজেলা পরিষদ হতে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ উপজেলা নির্বাহী অফিসার, দিরাই

(ঙ) উপজেলা কৃষি কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। চলতি মৌসুমে অত্র উপজেলায় আমন ফসল রক্ষার্থে ধান কাটার কম্বাইন্ড হারবেষ্টার মেশিন ০৩টি, রিপার ০১টি, রাইস ট্রান্সপ্লান্টার ০১টি এবং পাওয়ার থ্রেসার ০১টি বিতরণ করা হয়েছে। এছাড়াও বীজ বিতরণের মাস্টারোল দ্রুত সময়ের মধ্যে তার দপ্তরে জমা প্রদানের জন্য চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

<u>সিদ্ধান্ত ঃ</u> বীজ বিতরণের মাস্টারোল দ্রুত সময়ের মধ্যে তার দপ্তরে জমা প্রদানের জন্য চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।

চেয়ারম্যান (সকল), ইউ/পি, দিরাই

(চ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই সভায় তার বর্তমানে চলমান কর্মসূচির তথ্যাদি সভায় উপস্থাপন করেন।

খাদ্যবান্ধব কর্মসূচী :

| ক্রং নং | কর্মসূচির নাম | উপজেলায় ডিলার সংখ্যা | উপজেলায় পূর্বে বরাদ্দকৃত কার্ড সংখ্যা | সেপ্টেম্বর/২১ মাসে উত্তোলিত চালের পরিমাণ | সেপ্টেম্বর/২১ মাসে বিক্রয়কৃত চালের পরিমাণ | সেপ্টেম্বর/২১ মাসের অবিক্রয়কৃত চালের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | খাদ্যবান্ধব কর্মসূচি | ১৮ জন | ৮৫৭১টি | ২৫৫.৬৩০ মেঃ টন | ২৫.৬৩০ মেঃটন | নাই |
| খ | আমন ধান/চাল সংগ্রহ | | | | | |

| ক্রং | পন্য | লক্ষ্যমাত্রা | চুক্তির | এ পর্যন্ত | মন্তব্য |
|---|---|---|---|---|---|

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই

| নং | | | পরিমান | অর্জন | |
|---|---|---|---|---|---|
| ০১ | চাল সিদ্ধ | ৫৮.০০০ মে:টন | ৫৮.০০০ মে:টন | নাই | নাই |
| ০২ | ধান | ১১৪.০০০ মে:টন | --- | নাই | এই পর্যন্ত ১১জন কৃষক ধান বিক্রয়ের জন্য আবেদন করেছেন। কিন্তু কোন কৃষক ধান নিয়ে গুদামে আসে নাই। |

<u>সিদ্ধান্ত</u> ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই, সুনামগঞ্জ কে অনুরোধ জানানো হয়।

(ছ) তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই সভায় তার তথ্যকেন্দ্রের বর্তমানে চলমান বিভিন্ন কর্মসূচির তথ্য উপস্থাপন করেন।

| ক্রং নং | কার্যক্রম | সর্বমোট লক্ষ্যমাত্রা (সেবাগ্রহীতা) | অর্জিত লক্ষ্যমাত্রা (সেবাগ্রহীতা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | তথ্যকেন্দ্র, ডোর টু ডোর এবং উঠান বৈঠক | ২০,০০০ জন | ১৬,২২৪ জন | কার্যক্রম চলমান |

প্রাথমিক স্বাস্থ্য সেবার ধরণ ঃ

| ক্রং নং | স্বাস্থ্য সেবার প্রকারভেদ | মন্তব্য |
|---|---|---|
| ০১. | রক্তচাপ পরিমাপ | প্রত্যেকটি যন্ত্রের একটি করে সেট থাকায় অনেক সময় তথ্যকেন্দ্রের পাশাপাশি ডোর টু ডোর স্বাস্থ্য সেবা প্রদান করায় ব্যঘাত ঘটে। |
| ০২. | রক্তে গ্লুকোজের পরিমাপ | |
| ০৩. | রক্তে অক্সিজেনের পরিমাপ | |
| ০৪. | শরীরের তাপমাত্রা পরিমাপ | |
| ০৫. | উচ্চতা পরিমাপ | |
| ০৬. | ওজন পরিমাপ | |

অন্যান্য সেবা সমূহ :

| | |
|---|---|
| ০১. | ইন্টারনেটের মাধ্যমে মহিলাদের সকল প্রকার সেবা প্রদান যেমন- ইন্টারনেট ব্রাউজিং, ই-মেইল, স্কাইপের মাধ্যমে ভিডিও কনফারেন্সিং, বিভিন্ন পরীক্ষার ফলাফল, চাকরির খবর, চাকরির আবেদন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন ইত্যাদি অনলাইন সেবাসমূহ। |
| ০২. | শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার ও কৃষি বিষয়ক সেবা প্রদান। |
| ০৩. | গ্রামীণ সুবিধাবঞ্চিত মহিলাদের উপজেলার বিভিন্ন দপ্তর সমূহের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অবহিত করা। |

<u>সিদ্ধান্ত</u> ঃ তথ্যকেন্দ্রের বর্তমানে চলমান বিভিন্ন কর্মসূচির লক্ষ্যমাত্রা পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তার তথ্যকেন্দ্রের কাজের অগ্রগতি আরও বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়।

তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই

(জ) উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই সভায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে সভাকে অবগত করেন। তিনি জানান তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই মহিলা বিষয়ক অফিসারের নিকট স্বামী পরিত্যক্তা, বিধবা মহিলাদের জন্য ০৬মাস মেয়াদী থাকা-খাওয়া ফ্রি সহ অন্যান্য সুবিধা সহ যে প্রশিক্ষন প্রদানের ব্যবস্থা রয়েছে সেই সম্পর্কে সভাকে অবহিত করার জন্য অনুরোধ জানান। উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভাকে জানান এমন ধরনের কোন কার্যক্রম তাদের চালু নাই। চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান এই সংক্রান্ত প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে প্রত্যেকটা বিভাগীয় শহরে। দিরাই উপজেলার দরিদ্র অসহায় মহিলারা যাতে এসব প্রশিক্ষণ থেকে বঞ্চিত না হয় সেই বিষয়ে অনুরোধ জানান। তিনি ক্ষুবের সাথে জানান একজন দপ্তর প্রধান হয়ে আপনার অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে আপনার কোন জ্ঞান নাই এটা সত্যিই দুঃখ জনক। কাজেই এই বিষয়ে সাধারণ মহিলারা কোথায় আবেদন করবে কার কাছে করবে ইত্যাদি সম্ভলিত সকল পরিপত্র/আইন আগামী ০৭ কার্যদিবসের মধ্যে উপস্থাপনের জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

<u>সিদ্ধান্ত</u> ঃ স্বামী পরিত্যক্তা, বিধবা মহিলাদের জন্য ০৬মাস মেয়াদী থাকা-খাওয়া ফ্রি সহ অন্যান্য সুবিধা সহ যে প্রশিক্ষন প্রদানের বিষয়ে সাধারণ মহিলারা কোথায় আবেদন করবে কার কাছে করবে ইত্যাদি সম্ভলিত সকল পরিপত্র/আইন আগামী ০৭ কার্যদিবসের মধ্যে উপস্থাপনের জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়।

উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই

(গ) উপজেলা প্রকৌশলী, দিরাই সভায় জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় দিরাই উপজেলার গুরুত্বপূর্ণ ০৩টি রাস্তায় সোলার প্যানেলসহ ল্যাম্পপোষ্ট স্থাপন কাজটি ঠিকাদারি প্রতিষ্ঠান সাদাত'স ট্রেড ইন্টারন্যাশনাল, কার্যাদেশের বিপরীতে যথাযথভাবে পণ্য সরবরাহ করেছে। চুক্তি মোতাবেক ও কাজ সম্পাদনের ভিত্তিতে উক্ত কাজের বিপরীতে ঠিকাদারি প্রতিষ্ঠান বিল দাখিল করেছেন। দাখিলকৃত বিল নিম্নরূপ-

| উপ-প্রকল্পের নম্বর | অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনার বিবরণ | চুক্তিমূল্য | ভ্যাট (৭.৫%) | আয়কর (৩%) | নীট পাওনা |
|---|---|---|---|---|---|
| INF ২০১৮ -১৯- | দিরাই উপজেলার গুরুত্বপূর্ণ ০৩টি রাস্তায় সোলার প্যানেলসহ ল্যাম্পপোষ্ট স্থাপন। | ১৯,৪২,২০০/- | ১,৪৫,৬৬৫/- (৭.৫%) | ৫৮,২৬৬/- (৩%) | ১৫,৪৪,০৪৯/- |

উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ চেয়ারম্যান, সকল ইউ/পি, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই

| | | |
|---|---|---|
| | ৬০৯ ০২৯-০২<br>উপরোক্ত বিলের টাকা সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় বাস্তবায়িত প্রকল্পের প্রার্থীত বিল-বিধি মোতাবেক পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দিরাই'কে সর্বসম্মতিক্রমে অনুরোধ জানান। | |
| | (ঘ) উপজেলা প্রকৌশলী, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের মালিকানাধীন রজনীগন্ধা ভবনের নিচতলা পূর্ব পার্শ্বের ফ্ল্যাটের একটি বাথরুমের টাইল্‌স কাজে সর্বমোট- ১০,০০০/- (দশ হাজার) টাকা ব্যয় হয়েছে এবং একই ভবনের উপরের তলা পশ্চিম পার্শ্বের ফ্ল্যাটে একটি বাথরুমের টাইল্‌স কাজে আরও সর্বমোট- ১০,০০০/- (দশ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত ০২টি বিলের টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের মালিকানাধীন রজনীগন্ধা ভবনের নিচতলা পূর্ব পার্শ্বের ফ্ল্যাটেন একটি বাথরুমের টাইল্‌স কাজে সর্বমোট- ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং একই ভবনের উপরের তলা পশ্চিম পার্শ্বের ফ্ল্যাটে বাথরুমের টাইল্‌স কাজে সর্বমোট- ১০,০০০/- (দশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঙ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় মহান বিজয় দিবস ২০২১ উদ্‌যাপন উপলক্ষে সরকারি যে বরাদ্দ পাওয়া যায় তা প্রয়োজনের তোলনায় অপ্রতুল। কাজেই উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর্থিক অনুদান হিসেবে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত ঃ মহান বিজয় দিবস ২০২১ উদ্‌যাপনের লক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর্থিক অনুদান হিসেবে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (চ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় জনাব মোঃ সহিবুর রহমান, সভাপতি, দিরাই উপজেলা গ্রাম পুলিশ কমিটি, দিরাই এর আবেদনখানা সভায় পাঠকরে শুনান। আবেদনদৃষ্টে দেখাযায় তাদের বেতন-ভাতা বকেয়া রয়েছে, পঞ্চাশ মাসের যাতায়ত ভাতা বিল বকেয়া এবং উৎসব ভাতাও বকেয়া রয়েছে ইউনিয়ন পরিষদ অংশের। উক্ত বেতন ভাতা পরিশোধের জন্য ইউ/পি অংশের স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% হতে এবং হাট-বাজার ইজারালব্ধ আয়ের ৪১% হতে পরিশোধের বিধান রয়েছে। উক্ত বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। ইউ/পি চেয়ারম্যানগণ বলেন ইউ/পি অংশের আয় কম থাকায় তাদের বেতন-ভাতা বকেয়া পরেছে। যা একসাথে পরিশোধের স্বক্ষমতা ইউনিয়ন পরিশদের নেই বল্লেই চলে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় ইউ/পি চেয়ারম্যানের বক্তব্যের সাথে একমত পোষেণ করেন। তিনি বলেন গ্রাম পুলিশদের বকেয়া বেতন-ভাতাদি পরিশোধের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র যোগাযোগের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিরাই কে অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ দিরাই উপজেলায় কর্মরত গ্রাম পুলিশদের বকেয়া বেতন-ভাতাদি পরিশোধের জন্য স্থানীয় সরকার মন্ত্রণলায় হতে থোক বরাদ্দ চেয়ে পত্র দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ছ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় জানান তাঁর বাসভবনের সামনে আনসার পোস্টটির রং ও বিদ্যুতের কাজ করে সর্বমোট- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। তিনি আরও জানান তার বাসভবনে রং কাজ করে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত বিলগুলো উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানানা।<br><br>সিদ্ধান্ত ঃ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই এঁর বাসভবনের সামনে আনসার পোস্টটির রং ও বিদ্যুতের কাজে ব্যয়িতসর্বমোট- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা এবং তাঁর বাসভবন রং কাজের ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মঞ্জুর আলম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

স্মারক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২-৫০(৫০) তারিখ ঃ ১১/১১/২০২১

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। মেয়র, দিরাই পৌরসভা।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
০৮। উপজেলা --------------------------------------------------------------- অফিসার (সংশিষ্ট সকল), দিরাই।
০৯। চেয়ারম্যান--------------------------------------------------------------- ইউ/পি (সকল), দিরাই।
১০। অফিস নথি/মাস্টার ফাইল।

১১.১১.২১

(মাহমুদুর রহমান মামুন)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।

| পরিশিষ্ট "ক" | |
|---|---|
| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) |
| ০১। জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০২। জনাব মোঃ মোহন চৌধুরী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই<br>০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০৪। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি, দিরাই।<br>০৫। চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউ/পি, দিরাই।<br>০৬। চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই।<br>০৭। চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাই।<br>০৮। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, দিরাই। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০২। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্ত, দিরাই, সুনামগঞ্জ।<br>০৩। উপজেলা কৃষি অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৪। উপজেলা মৎস্য অফিসার, দিরাই, সুনামগঞ্জ ।<br>০৫। উপজেলা প্রকৌশলী, দিরাই, সুনামগঞ্জ।<br>০৬। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৭। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৮। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>১০। উপজেলা সমবায় অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ ।<br>১২। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>১৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১৪। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই, সুনামগঞ্জ। |

| পরিশিষ্ট "খ" | |
|---|---|
| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) |
| ০১। মেয়র, দিরাই পৌরসভা।<br>০২। চেয়ারম্যান, ভাটিপাড়া ইউ/পি, দিরাই।<br>০৩। চেয়ারম্যান, রফিনগর ইউ/পি, দিরাই।<br>০৪। চেয়ারম্যান, রাজানগর ইউ/পি, দিরাই।<br>০৫। চেয়ারম্যান, করিমপুর ইউ/পি, দিরাই।<br>০৪। চেয়ারম্যান, জগদল ইউ/পি, দিরাই। | ০১। সহকারী কমিশনার (ভূমি), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>০২। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৩। উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৫। ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই<br>০৬। উপসহকারী প্রকৌশলী (বাপাউবো) ও শাখা কর্মকর্তা, দিরাই<br>০৭। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৮। উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>০৯। উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার, প্রকল্প দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)। |